

মুজিববর্ষের অঙ্গীকার,
শোভন কর্মপরিবেশ
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

ডাইফ ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী


সভাপতি : সিকদার মোঃ তৌহিদুল হাসান
সহকারী মহাপরিদর্শক (সেইফটি)
সভার তারিখ : ২৭/০৬/২০২১
সভার সময় : সকাল ১১.০০ টা
স্থান : মিনি সভাকক্ষ, প্রধান কার্যালয়
উপস্থিতি : (পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব, শ্রম পরিদর্শক (সাধারণ), অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রম ও অর্জনসমূহ সভায় তুলে ধরেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর অগ্রগতি পর্যালোচনা	১. কমিটির সদস্য সচিব, শ্রম পরিদর্শক (সাধারণ) কমিটিকে অবহিত করেন যে, অধিদপ্তরের বিশেষ পরিদর্শন রিপোর্ট ২৩টি জেলা কার্যালয় হতে ডাইফ ওয়ানক্লিক রিপোর্টিং সিস্টেমের মাধ্যমে নিয়মিত সংগ্রহ করা হচ্ছে। পাশাপাশি স্বাস্থ্য শাখার ০৮টি রিপোর্টের ফরম সিস্টেমটিতে সন্নিবেশ করা হয়েছে এবং পরীক্ষামূলক ভাবে সেগুলোর মাধ্যমে রিপোর্ট গ্রহণ করা হচ্ছে। ২. 'ডাইফ একসেবা মোবাইল এপ্লিকেশন' টি google playstore এ প্রদান করা হয়েছে। যে কোন ব্যক্তি উক্ত এপ্লিকেশনটি এন্ড্রয়েড ভিত্তিক মোবাইলে ডাউনলোড করে ব্যবহার করতে পারবে। কর্মকর্তাদের লগ-ইন এর জন্য ইউজার নেম ও পাসওয়ার্ড তৈরির কাজ চলমান রয়েছে। ৩. 'ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম' টি ব্যবহারের জন্য প্রস্তুত রয়েছে। সিস্টেমটির পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য প্রশাসন ও উন্নয়ন শাখার অংশগ্রহণ প্রয়োজন। সদস্য	১. স্বাস্থ্য শাখার রিপোর্টগুলো সঠিকভাবে এবং নিয়মিত আনার জন্য উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) এর সঙ্গে বৈঠক করতে হবে। পরবর্তীতে সেইফটি শাখা, সাধারণ শাখার রিপোর্টসমূহ ওয়ানক্লিক সিস্টেমে দ্রুত সন্নিবেশ করার ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সেলকে কার্যক্রম গ্রহণ করতে হবে। ২. কর্মকর্তাদের লগ-ইন এর জন্য ইউজার নেম ও পাসওয়ার্ড তৈরির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। স্বাস্থ্য শাখা, আইসিটি সেল ২। আইসিটি সেল

ক্রঃ নং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		সচিব জানান, এ লক্ষ্যে একটি অনানুষ্ঠানিক পত্র উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বরাবর প্রেরণ করা হয়েছে।		
২.	‘উদ্ভাবনী প্রকাশনা ২০২০-২০২১’	মহাপরিদর্শক মহোদয়ের দিকনির্দেশনায় এবং ডাইফ ইনোভেশন টিমের তত্ত্বাবধানে অধিদপ্তরে প্রথমবারের মত উদ্ভাবনী প্রকাশনা বের হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। যারা উক্ত প্রকাশনার জন্য লেখা পাঠিয়েছেন তাদের প্রত্যেককে বিশেষভাবে ধন্যবাদ প্রদান করা হয় এবং ভবিষ্যতেও তাঁদের কাছ থেকে উদ্দীপনা পাওয়া যাবে বলে আশা প্রকাশ করা হয়।	১। প্রকাশনাটি উদ্ভাবন সংক্রান্ত সকল সরকারি দপ্তরে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




সাক্ষির আনোয়ার
শ্রম পরিদর্শক (সাধারণ)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০৬.০০৯.১৭.

তারিখ: ১২ আষাঢ় ১৪২৮
২৭ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাপরিদর্শক, সেইফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। উপমহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



সাক্ষির আনোয়ার
শ্রম পরিদর্শক (সাধারণ)